২য় ত্রৈমাসিক অগ্রগতির প্রমাণক

সংযোজনী-৫

অফিস প্রধান কর্তৃক স্বাক্ষরিত সামারি শিট

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ অর্থবছরের সুচক নম্বর ১.৫ কার্যক্রম অনুযায়ী কর্ম-পরিবেশ উন্নয়নে একটি উদ্যোগ। লক্ষ্যমাত্রা ছিল ২।

অক্টোবর হতে ডিসেম্বর,২০২২, ১৮.১২.২২ খ্রি. তারিখে

২৫.৫
৭.৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
ভূমি ভবন
৯৮, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮।
web: www.dlrs.gov.bd.

ভূমি ভবন ব্যবস্থাপনা সংক্রান্ত কমিটির ১৮/১২/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | ঃ মোঃ আব্দুল বারিক, মহাপরিচালক (গ্রেড-১); |
| সভার স্থান | ঃ সভাকক্ষ, ভূমি ভবন কমপ্লেক্স; |
| সভার তারিখ | ঃ ১৮/১২/২০২২ খ্রিঃ; |
| সময় | ঃ বেলা-২.০০ ঘটিকা ; |
| সভায় উপস্থিতির স্বাক্ষর | ঃ পরিশিষ্ট "ক" |

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃ পর সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন) আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা করেন। বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। গাড়ী চালকদের বিশ্রামের স্থান | ১ম বেজমেন্টে গাড়ী চালকদের জন্য কক্ষ তৈরী করা আছে মর্মে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ সভাকে অবহিত করেন। | পরিচালক (প্রশাসন) এর নির্দেশনামতে কক্ষ বুঝে নিয়ে গাড়ীচালকদের বিশ্রামের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গণপূর্ত বিভাগ-৩ ও গণপূর্ত ই/এম বিভাগ-৫ |
| ২। বাউন্ডারীর চতুপার্শ্বের বাগান | বাগানে পানি সরবরাহের জন্য বিভিন্ন স্থানে পানির কল/পাম্পমোটর সবগুলো এখনও চালু হয় নি। | পানি সরবরাহের পাম্পমোটরগুলো দ্রুত চালু করতে হবে । | নির্বাহী প্রকৌশলী গণপূর্ত ই/এম বিভাগ-৫ |
| ৩। পরিস্কার-পরিচ্ছন্নতা | (ক) দপ্তর সমূহের নিজস্ব অঙ্গন ব্যাতিরেকে অবশিষ্ট এলাকা (কমন এরিয়া) এর পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক করা হয়ে থাকে।<br>(খ) ভূমি ভবনের ২টি বেইজমেন্টসহ ১৩টি ফ্লোরসমূহে ফ্লোর বিন্যাস অনুযায়ী ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ভূমি সংস্কার বোর্ড, ভূমি আপীল বোর্ড রয়েছে। এ ক্ষেত্রে প্রস্তাব করা হয় যে, নিজ নিজ অঙ্গন নিজস্ব ব্যবস্থাপনায় পরিস্কার-পরিচ্ছন্নতা রাখতে হবে। | (ক) ভূমি ভবনের কমন এরিয়া পরিস্কার পরিচ্ছন্নতা ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক পরিচলনা করতে হবে।<br>(খ) কমন এরিয়া ব্যতীত স্ব-স্ব দপ্তর নিজ নিজ অঙ্গন পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন। | ভূমি সংস্কার বোর্ড/ভূমি আপীল বোর্ড এবং ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং প্রকল্পসমূহ।<br>ঐ |
| | (গ) নিচ তলার বহিরাঙ্গণ, কেন্দ্রীয় মিলনায়তন, (সেন্ট্রাল অডিটরিয়াম) এর সার্বিক রক্ষণাবেক্ষণ ও পরিস্কার-পরিচ্ছন্নতা ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক পরিচালিত হচ্ছে। | (গ) নিচতলার বহিরাঙ্গণ, কেন্দ্রীয় মিলনায়তন (সেন্ট্রাল অডিটরিয়াম) এর সার্বিক রক্ষণাবেক্ষণ ও পরিস্কার-পরিচ্ছন্নতা ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক পরিচালনা করতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন)/সরবরাহ ও সেবা শাখা। |
| ৪। নামাজের ঘর | ভূমি ভবন কমপ্লেক্সের ১০ম তলার উত্তর ব্লকে পুরুষ/মহিলা নামাজের ঘর রয়েছে। পুরুষ মহিলা নামাজের ঘর প্রস্তুত হলেও সাউন্ড সিস্টেম, এসি স্থাপন ও বৈদ্যুতিক ওয়ারিং সম্পন্ন হয়নি। | নামাজের ঘরে এসি স্থাপনসহ বৈদ্যুতিক ওয়ারিং সম্পন্ন করে ভূমি ভবনের সকল মুসল্লিদের নামাজের ব্যবস্থা দ্রুত সম্পন্ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী গণপূর্ত ই/এম বিভাগ-৫ |
| ৫। বিদ্যুৎ সাশ্রয় | ভূমি ভবন কমপ্লেক্সে বিদ্যুৎ সাশ্রয়ের জন্য ভূমি ভবনে অবস্থানরত দপ্তর/সংস্থাদের অনুকুলে আলাদা মিটার বসানো যায় কিনা এ বিষয়ে জানতে চাওয়া হলে গণপূর্ত ই/এম বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী জানান যে, ভূমি ভবনে যে সাব-ষ্টেশন বসানো আছে সেখান থেকে সাব-মিটার বসানোর কোন সুযোগ নাই। | বিদ্যুতের ব্যবহার ২৫% সাশ্রয় করতে হবে। | ভবনে অবস্থানরত দপ্তর/সংস্থা সকল |

| | | | |
|---|---|---|---|
| ৬। ক্যান্টিন | ভূমি ভবনের লেভেল ৮ এ ক্যান্টিনের জন্য নির্ধারিত স্থানে ক্যান্টিন চালু করার বিষয়ে জানানো হয় যে, ক্যান্টিনে বিদ্যুতের ওয়ারিং ও এসি স্থাপনের কাজ চলমান রয়েছে। শীঘ্রই কাজগুলো শেষ হবে। | ০১ জানুয়ারী/২৩ তারিখের মধ্যে ক্যান্টিন চালু করতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর। |
| ৭। লিফট ব্যবহার | ভবনে উঠা-নামার জন্য ০৬টি লিফট রয়েছে। সবগুলো লিফট একসাথে চালানো হলে বিদ্যুৎ খরচ বেশী হবে। তাই প্রতিদিন বড় লিফটসহ মোট ০৩টি লিফট ব্যবহার করার বিষয়ে আলোচনা হয়। | প্রতিদিন পর্যায়ক্রমে ৩টি করে লিফট চালাতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, নিবাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ। |
| ৮। বিবিধ | ভূমি ভবনের রেকর্ড রুমসহ অন্যান্য স্থানে অগ্নি নির্বাপক যন্ত্র স্থাপন করা হয়েছে। | গণপূর্ত ই/এম বিভাগ-৫ কর্তৃক অগ্নি নির্বপক যন্ত্রগুলো পরিচালনার বিষয়ে ভবনের সকল সংস্থার প্রতিনিধিদের নিয়ে কমপক্ষে ০২দিনের একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ভবনে অবস্থানরত দপ্তর/সংস্থা সকল |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আব্দুল বারিক)
মহাপরিচালক
(গ্রেড-১)
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা-১২০৮।
ফোন নং-৪১০২৪৬০।

স্মারক নং-৩১.০৩.২৬৯২.২০৫.১৮.০০৫.১২ তারিখঃ-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন কমপ্লেক্স, তেজগাঁও, ঢাকা-১২০৮।
২। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড।, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন/ভূমি রেকর্ড/জরিপ), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
৪। প্রকল্প পরিচালক, ল্যান্ড জোনিং/ভূমি জরিপ কাজে সক্ষমতা বৃদ্ধিকরণ/অটোমেশন/এস্টাব্লিশমেন্ট অব ডিজিটাল ল্যান্ড ম্যানেজমেন্ট সিস্টেম(ইডিএলএমএস)/ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ/গুচ্ছগ্রাম প্রকল্প।
৫। উপপরিচালক (জরিপ/সেটেলমেন্ট অপারেশন-১/২), এ অধিদপ্তর।
৫। প্রকল্প পরিচালক, ইডিএমএলএস প্রকল্প।

(শেখ মুর্শিদুল ইসলাম)
উপ-পরিচালক (প্রশাসন)
ফোন নং-৪১০২৬০৮।

E:\ZIA\Rajulation-Bhumi Bhaban.doc